ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪৩৫
আগরতলা, ২৮ অক্টোবর, ২০২৫

**ত্রিপুরাসুন্দরী মন্দির পরিদর্শনে রাজ্যপাল**



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ উদয়পুরে মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির পরিদর্শন করেন এবং পূজা দেন। তিনি ত্রিপুরাবাসীর কল্যাণ কামনায় প্রার্থনা করেন। এর পর রাজ্যপাল নব কলেবরে গড়ে তোলা ত্রিপুরাসুন্দরী মন্দির চত্বর ঘুরে দেখেন। তিনি মাতা ত্রিপুরাসুন্দরী গ্যালারী, মেডিটেশন হল, পূণ্যার্থীদের বসার জায়গা এবং অন্যান্য সুযোগ সুবিধাগুলি পরিদর্শন করেন। গোমতী জেলার জেলাশাসক রিঙ্কু লাথের মন্দিরের উন্নয়নমূলক কাজের বিষয়ে রাজ্যপালকে বিস্তারিত অবহিত করেন। পরিদর্শনের সময় রাজ্যপালের সাথে গোমতী জেলার পুলিশ সুপার কিরণ কুমার কে, রাজ্যপালের যুগ্মসচিব রতন ভৌমিক এবং অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

*****